শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪২.১৯-৩০২

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৬
১০ জুন ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-১৭৫/২০১৯ (রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ হতে উদ্ভুত) মামলা সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে টিএমইডিকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-১৭৫/২০১৯ (রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ হতে উদ্ভুত) মামলার রুলনিশি ও আর্জি।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন শ্যামনগর টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ এবং শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৫ সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকায় নির্বাচিত করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেখে একই মন্ত্রণালয়ের ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকে প্রকাশিত এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব হাফিজুল আল মাহমুদ কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলা দায়ের করা হয়।

২। বিগত ১৫/১২/২০১০ তারিখে আরো অন্যান্য ৩টি মামলার সাথে (একত্রে মোট ৪টি মামলার) মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The respondetns are hereby directed to enlist the name of the respective College in the MPO list within a period of 90 days from the date of receipt of this judgment and order provided those Colleges fulfill the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010.

৩। রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৯৬৬/২০১২ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 427 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such. the leave petition is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৪। ফলে মাননীয় আদালতের রায়/আদেশ অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ২৬/৬/২০১৪ তারিখে শিম/শা:-১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩ সংখ্যক স্মারকমূলে পত্র জারী করা হয়। তৎপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২০১৫ মাসে অধ্যক্ষসহ ০৩ (তিন) জন এবং মার্চ/২০১৬ মাসে ০৫ (পাঁচ) জন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হয়েছে মর্মে এমপিও সীটে দেখা যায়।

৫। তৎপরবর্তীতে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব হাফিজুল আল মাহমুদ কর্তৃক তার প্রতিষ্ঠানটি (সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন শ্যামনগর টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ) ২০০৯-২০১০ অর্থ বছর হতে এমপিও তালিকাভুক্তকরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে কনটেম্পট পিটিশন নং-১৭৫/২০১৯ (রিট পিটিশন নং- ৫৩৯৮/২০১০ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

৬। উক্ত কনটেম্পট মামলায় জনাব মো: আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১ নং এবং জনাব রওনক মাহমুদ, ডিজি, ডিটিই-কে ২ নং কনটেম্পটনর করা হয়েছে। গত ০২/৪/১৯ তারিখে মাননীয় কনটেম্পট আদালত কর্তৃক বর্ণিত মামলাটি শুনানী শেষে রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/১০ তারিখের রায়/আদেশ অবমাননার দায়ে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না; সে মর্মে ৩০/৪/১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য কনটেম্পটনরগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু বর্ণিত মামলার রুলনিশির কপিটি ২৯/৫/২০১৯ তারিখের এ বিভাগের আইন শাখায় পাওয়া গেছে।

৭। উল্লেখ্য, রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-৯৬৬/২০১২ মামলার বিগত ০৯/২/২০১৪ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই বিধায় বকেয়া পরিশোধের সুযোগ আছে মর্মে প্রতীয়মান হয়না।

৮। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ১৭/০৬/১৯ খ্রি. তারিখের মধ্যে গৃহিত ব্যবস্থার তথ্যাদি টিএমইডি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো-

(ক) সময়মত কনটেম্পট মামলার জবাব দাখিল করা, প্রয়োজনে সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে সময় বৃদ্ধির জন্য আবেদন করা;

চলমান পাতা নং-০২

(খ) রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশ এবং আপিল নং-৯৬৬/২০১২ মামলার বিগত ০৯/২/২০১৪ খ্রি: তারিখের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় তথা কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২০১৫ মাসে অধ্যক্ষসহ ০৩ (তিন) জন এবং মার্চ/২০১৬ মাসে ০৫ (পাঁচ) জন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হয়েছে বিষয়টি কনটেম্পট মামলার জবাবে উল্লেখ করা;

(গ) রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলায় মহামান্য আদালত কর্তৃক বকেয়া প্রদানের বিষয়ে কোন নির্দেশনা না থাকায় জানুয়ারি/২০১৫ এবং মার্চ/২০১৬ (প্রযোজ্যতা অনুযায়ী) হতে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের নাম এমপিওভুক্তির মাধ্যমে মহামান্য আদালতের আদেশ বাস্তবায়ন করা হয়েছে এবং বর্তমানে উক্ত শিক্ষক-কর্মচারীগণে এমপিও চালু রয়েছে মর্মে মহামান্য কনটেম্পট আদালতকে অবহিত করা;

(ঘ) কনটেম্পট মামলার জবাব দাখিলের নিমিত্ত সচিব মহোদয়ের স্বাক্ষরের জন্য ওকালতনামা প্রেরণ করা;

(ঙ) কনটেম্পট মামলার বিষয়ে ডিটিই-এর নিজস্ব আইনজীবী দ্বারা নিয়মিত তদারকি করত: সার্বক্ষণিক হালনাগাদ অবস্থা টিএমইডিকে অবহিত করা;

২০/৬/১৬

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। [illegible], কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫ অফিস কপি/মাস্টার কপি।